# এক নজরে ছুটি বিধি

মোঃ আবদুল আজিজ
উধ্বতন বিশেষজ্ঞ (উপ- সচিব)
নেপ, ময়মনসিংহ।

| ছুটির ধরণ | ছুটি অর্জন/ছুটি গ্রহণের ক্ষেত্র/শর্তাবলী | ছুটির সীমা | মঞ্জুরকারী কর্তৃপক্ষ | মন্তব্য |
|---|---|---|---|---|
| অর্জিত ছুটিঃ ক) গড় বেতন [PLR-1959] | স্থায়ী কর্মচারীঃ (i) কর্মকালীন সময়ে $\frac{1}{11}$ ভাগ হারে অর্জিত হবে।<br>(ii) সর্বাধিক ৪ মাস এভাবে জমা হবে। (৭নং কলামে)<br>(iii) এর অতিরিক্ত অর্জনকৃত ছুটি পৃথক আইটেমে জমা হবে। (৮নং কলামে)<br>(iv) পৃথক আইটেমে জমাকৃত ছুটি থেকে M/C এর ভিত্তিতে; অথবা তীর্থযাত্রা, শিক্ষা অথবা বাংলাদেশ, বার্মা, শ্রীলংকা ও ভারতের বাইরে শ্রান্তি ও বিনোদনের উদ্দেশ্যে ছুটি মুঞ্জুর করা যাবে। | গড় বেতনে এককালীন ৪ মাসের বেশি ভোগ করা যাবে না। (iv) নং শর্তের ক্ষেত্রে ৬ মাস পর্যন্ত বর্ধিত করা যাবে। | নিয়োগকারী কর্তৃপক্ষ | একজন অবঃ কর্মচারীর পাওনা ছুটি তাঁর অবসর গ্রহণের পর তামাদি হয়ে যাবে। |
| খ) অর্ধগড় বেতন | (i) কর্মকালীন সময়ের $\frac{1}{12}$ ভাগ হারে অর্জিত হবে।<br>(ii) সীমাহীনভাবে ইহা ৬নং কলামে জমা হবে (iii) M/C দাখিল করা হলে এ ছুটিকে সর্বাধিক ১২ মাস পর্যন্ত গড় বেতনে রূপান্তর করা যাবে। | এককালীন সর্বাধিক ১বছর এবং M/C এর ভিত্তিতে সর্বাধিক ২ বছর পর্যন্ত। | | ৪ মাস গড় বেতনে ৮ মাস অর্ধগড় বেতনে M/C এর ভিত্তিতে ৬ মাস গড় বেতনে ও ১৮ মাস অর্ধগড় বেতন। |
| | অস্থায়ী কর্মচারীঃ (i) যে অস্থায়ী সরঃ কর্মচারী ৩০.৬.১৯৫৯ খ্রিঃ তারিখে নিরবচ্ছিন্নভাবে ৩বছর বা এর অধিককাল চাকরীর মেয়াদ সম্পন্ন করেছেন ৫নং বিধির ক্ষেত্র ব্যতিত এ বিধি অন্যান্য ক্ষেত্রে তিনি স্থায়ী কর্মচারী হিসেবে বিবেচিত হবেন।<br>(ii) ৩০.৬.১৯৫৯ খ্রিঃ তারিখে যে অস্থায়ী কর্মচারীর চাকরীর মেয়াদ নিরবচ্ছিন্নভাবে ৩বছর পূর্ণ হয়নি অথবা ঐ তারিখের পরে চাকরীতে যোগদান করেছেন বা করবেন যে তারিখে তার চাকরীর মেয়াদ ৩ বছর পূর্ণ হবে অথবা যে তারিখে তিনি কোন স্থায়ীপদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত হবেন এর মধ্যে যা আগে ঘটবে ঐ তারিখ থেকে তিনি ছুটির উদ্দেশ্যে স্থায়ী কর্মচারী রূপে গন্য হবেন এবং স্থায়ী কর্মচারীর ন্যায় তার ছুটি হিসাবে ছুটি জমা হবে।<br>অবকাশ বিভাগের কর্মচারীঃ (i) পূর্ণ অবকাশ যাপন করলে গড় বেতনে ছুটি প্রাপ্য হবেন না।<br>(ii) বছরের কোন অবকাশ যাপন থেকে বিরত রাখা হলে বিরতি কালীন সময়ের ৩০ দিন অনুপাতে গড় বেতনে ছুটি অর্জন করবেন। যদি বছরে অবকাশ ৮০ দিন হয় এবং তিনি ২০ দিন অবকাশ যাপন করে থাকেন সেক্ষেত্রে (৮০-২০) বা ৬০ দিনের $\frac{30}{80}$=23 দিন ছুটি পাবেন। | চাকরীর মেয়াদ ৩ বছর পূর্ণ হলে স্থায়ী কর্মচারীর ন্যায় ছুটি পাবেন। চাকরীর মেয়াদ ৩ বছর পূর্ণ হওয়ার পূর্বে ছুটি অর্জনের বিষয়ে পৃথক কোন বিধান না থাকার কারনে একই হারে ছুটি ভোগের অনুমতি দেয়া যাবে। | | এই বিধিমালার অধীনে এক প্রকার ছুটির সঙ্গে সংযুক্ত ভাবে বা ধারাবাহিক ক্রমে এ বিধিমালার অধীন অন্য যে কোন প্রকার ছুটি দেয়া যাবে। |
| অসাধারন ছুটি [PLR-9(3)] | (i) বিধিমতে অন্য কোন প্রকার ছুটি পাওনা না থাকলে<br>(ii) ছুটি পাওনা সত্বেও লিখিত ভাবে এ ছুটির জন্য আবেদন করলে<br>(iii) এ প্রকার ছুটিকালীন সময়ে ছুটিকালীন বেতন প্রাপ্য নয় এবং এ প্রকার ছুটি ছুটির হিসাব থেকে বিয়োগ হয় না<br>(iv) অন্যান্য প্রকার ছুটির সঙ্গে একত্রে বা ধারাবাহিকতাক্রমে এ ছুটি প্রদান করা যাবে।<br>(v) এ ছুটিকালীন সময় পেনশনের জন্য চাকরীকাল গননায় ধরা হবে। তবে পেনশনের পরিমান নির্নয়ের ক্ষেত্রে কোয়ালিফাইং চাকরী হিসাবে ধরা হবে না।<br>(vi) অসাধারন ছুটি নেয়ার কারনে কোন কর্মকর্তার জেষ্ঠ্যতা তালিকার অবস্থানের কোন হেরফের হবে না। ফিডার পদে পদোন্নতির জন্য নির্ধারিত শর্তপূরন সাপেক্ষে অসাধারন ছুটি ভোগকারী কর্মকর্তাকে পদোন্নতির জন্য বিবেচনা করতে বাধা নেই তবে তাঁর আচরনের কারনে শাস্তিমূলক ছুটি হিসাবে তা মঞ্জুর করা হলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।<br>(vii) এ ছুটিকালীন সময় বেতন বৃদ্ধির জন্য গননা করা যাবে না। তবে অসুস্থতা বা কর্মচারীর ক্ষমতা বহির্ভূত কারনে নেয়া হলে টাইম স্কেলে বেতন বৃদ্ধির জন্য চাকরীকাল গননায় উক্ত ছুটিকালীন সময়ের সম্পূর্ন বা অংশ বিশেষ অন্তর্ভূক্তির নির্দেশ দিতে পারবেন।<br>(viii) এ ছুটিকালীন সময়ে কোন কর্মচারী উৎসবভাতা প্রাপ্য হবেন না। | অস্থায়ী কমচারীদের ক্ষেত্রে এককালীন অনধিক ৩ মাস M/C এর ভিত্তিতে ৬ মাস এবং যক্ষার ক্ষেত্রে ১ বছর<br>স্থায়ী কর্মচারীর ক্ষেত্রে যে কোন মেয়াদে। | ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ | বিদেশে প্রশিক্ষণের জন্য অনুমতিপ্রাপ্ত হয়ে প্রশিক্ষণ শেষে ৫ বছর চাকরী করবে মর্মে বন্ড দিলে একই রকম বন্ড দিয়ে নিরবচ্ছিন্নভাবে ৩ বছর চাকরীরত অস্থায়ী কর্মচারী দেশে প্রশিক্ষণ বা অধ্যয়নরত থাকলে সেক্ষেত্রে এ সময় সীমা প্রয়োজ্য হবেনা |

| | | | | |
|---|---|---|---|---|
| অক্ষমতা জনিত বিশেষ ছুটি [FR-83, BSR-192 এবং 193] | (i) যে কোন কারনে আঘাতপ্রাপ্ত হলে বা দায়িত্ব পালনকালে আহত হওয়ার কারনে দায়িত্ব পালনে অক্ষম হলে মেডিক্যাল বোর্ডের সার্টিফিকেটের ভিত্তেতে।<br>(ii) দূঘটনার ৩ মাসের মধ্যে অক্ষমতা দেখা দিতে হবে এবং কর্তৃপক্ষের গোচরীভূত করতে হবে।<br>(iii) অন্যপ্রকার ছুটির সাথে একত্রে এ ছুটি প্রদান করা যাবে,<br>(iv) প্রথম ৪ মাস গড় বেতনে এবং বাকী সময় অর্ধগড় বেতনে ছুটিকালীন সময়ে বেতন প্রাপ্য হবে।<br>(v) পূর্ণ দেখা দিলে একই ঘটনায় একাধিকবার এ ছুটি প্রদান করা যাবে। | একই ঘটনার জন্য সর্বোচ ২৪ মাস। | সরকার | ছুটির হিসাব থেকে বিয়োগহয়না পেনশনের জন্য চাকরীকাল গননায় কর্মরত হিসেবে গন্য করা হবে। |
| অধ্যয়ন ছুটি [FR-84, BSR-194] | (i) সায়েন্টিফিক, টেকনিক্যাল অথবা তদ্রূপ শিক্ষার জন্য অথবা নিদেশনাগত কোন বিশেষ প্রশিক্ষণ অথবা অন্য কোন বিশেষ প্রশিক্ষণের জন্য ।<br>(ii) সাধারন ভাবে ৫ বছর চাকরী পূর্ণ না হলে এবং চাকরীকাল ২২ বছর পূর্ণ হলে এ ছুটি পাওয়া যাবে না।<br>(iii) ছুটিকালীন সময়ে অর্ধগড় বেতনে বেতন প্রাপ্য হবে এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সবাধিক ২ বছর পর্যন্ত ষ্টাডি এলাউন্স প্রাপ্য হবে। | (১২+১২+৪+৩২)=৬০ মাস | সরকার | ঐ |
| সংগ নিরোধ ছুটি [BSR-196] | পরিবারের কোন সদস্য সংক্রামক রোগে (গুটি বসন্ত, কলেরা, টাইফাস জ্বর, প্লেগ ও সেরিব্রোস্পাইনাল মেনেনজাইটিস )আক্রান্ত হলে এবং উক্ত রোগ কর্মচারীর মাধ্যমে অফিসে বিস্তারলাভের সম্ভাবনা থাকলে M/C র ভিত্তিতে প্রাপ্য | সাধারনভাবে ২১ দিন ; বিশেষ ক্ষেত্রে ৩০ দিন | অফিস প্রধান | ছুটিকালীন সময় কর্মকাল হিসাবে গণ্য হবে। ছুটির হিসেব থেকে বিয়োগ হয় না |
| প্রসূতি ছুটি[BSR-197 FR-101] | (i) ছুটিতে যাওয়ার তারিখ সন্তান ভূমিষ্ঠ হওয়ার পরবর্তী কোন তারিখ হতে পারবে না।<br>(ii) M/C তে সন্তান প্রসবের যে সম্ভাব্য তারিখ উল্লেখ করা হয় উক্ত তারিখই প্রসবের তারিখ হিসাবে গন্য হবে।<br>(iii) অস্থায়ী কর্মচারীও পাবে। তবে সন্তান প্রসবের তারিখ পর্যন্ত চাকরীকাল ৯ মাস হতে হবে। (iv) ২ বারের বেশি এ ছুটি দেয়া যাবে না।<br>(v) M/C র ভিত্তিতে গড়বেতনে অর্জিতসহ যে কোন প্রকার ছুটি প্রসূতি ছুটির ধারাবাহিকতাক্রমে প্রদান করা যাবে। | ৬ মাস | নিয়োগকারী কর্তৃপক্ষ | ছুটিকালীন সময় কর্মকাল হিসাবে গণ্য হবে। ছুটির হিসেব থেকে বিয়োগ হয় না |
| প্রাপ্যতাবিহীন ছুটি[BSR-5] | ছুটি পাওনা না থাকা সত্বেও একজন স্থায়ী সরকারী কর্মচারীকে ভবিষ্যতে সমন্বয়ের শর্তে ব্যক্তিগত বিশেষ কারনে বা M/C এর ভিত্তিতে LPR এর ক্ষেত্র ব্যতিত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রাপ্যতাবিহীন ছুটি প্রদান করা যায়ঃ<br>(i) স্থায়ী কর্মচারী হতে হবে এবং ছুটির শেষে তাঁর কাজে যোগদানের সম্ভাবনা থাকতে হবে।<br>(ii) ছুটির শেষে চাকরীতে যোগদানের পর সমন্বয় না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট কর্মচারীর ছুটি হিসাবে কোন ছুটি জমা হবে না।<br>(iii) এ ছুটি গড়বেতনে প্রদান করা যায় না; শুধু অর্ধগড় বেতনেই প্রদান করা যায়। অর্ধগড় বেতনের ছুটি অর্জন দ্বারাই উহা সমন্বয় করতে হয়। পূর্ণগড় বেতনের ছুটির সাথে এর কোন সম্পর্ক নাই।<br>(iv) এ ছুটি মঞ্জুর করা হলে আবেদন ব্যতিত তা বাতিল করা যায় না।<br>(v) চাকরীর মেয়াদ তিন বছরের অধিক হলেও কোন অস্থায়ী সরকারী কর্মচারীকে এ ছুটি প্রদান করা যায় না। | সমস্ত চাকরী জীবনে M/C এর ভিত্তিতে অর্ধগড় বেতনে ১২ মাস অন্যান্য ক্ষেত্রে তিন মাস। | নিয়োগকারী কর্তৃপক্ষ | এ প্রকার ছুটি একবার মঞ্জুর করা হলে সংশ্লিষ্ট কর্মচারীর আবেদন ব্যতিত তা আর বাতিল করা যাবে না। |
| শ্রান্তি বিনোদন ছুটি [বাংলাদেশ চাকরী (বিনোদন ভাতা) বিধি,১৯৭৯] | (i) চাকুরীকাল ধারাবাহিকতাক্রমে ৩ বছর পূর্ন হতে হবে।<br>(ii) গড়বেতনে কমপক্ষে ১৫ দিনের ছুটি পাওনা থাকতে হবে।<br>(iii) ছুটি কালীন সময়ে বেতন ছাড়াও এক মাসের মূল বেতনের সমান বিনোদন ভাতা প্রাপ্য হবেন।<br>(iv) আবেদনকৃত তারিখে জনস্বার্থে ছুটি মঞ্জুর করা না হলে এবং সে কারনে বিনোদন ভাতা না পেলে তিনি পরবর্তীতে যে সময় ছুটিতে যাবেন ঐ সময়ে ভাতা পাবেন। এ ক্ষেত্রে পরবর্তী বিনোদন ভাতা প্রাপ্য হবেন প্রথম আবেদনকৃত তারিখ হতে ৩ বছর পূর্ন হওয়ার পর। | প্রতি ৩ বছরে ১৫ দিন | ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ | |

| | | | | |
|---|---|---|---|---|
| চিকি□সালয় ছুটি [BSR-198-201] | (i)যে সমস্ত সরকারী কর্মচারীর কতব্য পালনকালে দূর্ঘটনায় বা অসুস্থ হওয়ার ঝুকি থাকে তারা কর্তব্য পালনকালে অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে চিকি□সার জন্য এ প্রকার ছুটি পাবেন। (সাধারনত পুলিশ বিভাগের লোক, বন বিভাগের ফরেষ্টারসহ অধঃস্তন কর্মচারীবৃন্দ, ফায়ার সার্ভিসের কর্মচারীবৃন্দ, স্থায়ী পিয়ন ও গার্ড)<br>(ii) কতৃপক্ষ পূর্ণ গড় বেতনে বা অর্ধ গড় বেতনে এ ছুটি মঞ্জুর করতে পারেন। তবে গড় বেতনে ছুটির পরিমান তিন মাসের অধিক হবে না। | ৩ বছরে পূর্ণ গড় বেতনে ৩ মাস পর্যন্ত। তবে সর্বমোট ছুটির পরিমান ২৮ মাসের অধিক নয়। | নিয়োগকারী কর্তৃপক্ষ | ছুটির হিসাব থেকে বিয়োগ করা হবে না |
| বহিঃ বাংলাদেশ ছুটি [BSR-Part-1] | (i) বিদেশে যাওয়ার আগেই এ ছুটি মঞ্জুর করতে হবে।<br>(ii) ছুটি মঞ্জুর ব্যতিত বিদেশ গেলে অনুপস্থিত কালকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত বলে বিবেচনা করা হবে। বিদেশ যাওয়ার আগে দেশ থেকে অনুপস্থিত সময়কাল নির্দিষ্ট থাকতে হবে এবং অফিসে পূনরায় যোগদানের তারিখ উল্লেখ থাকতে হবে। (iii)বিদেশে অর্জিত ছুটি কাটানোর পর ভ্রমন সময় যোগ হবে না।<br>(iv) মাসিক বেতনের সমহারে গড়বেতনে ছুটিকালীন সময়ের বেতন প্রাপ্য হবেন। বেতন বাংলাদেশি মুদ্রায় গ্রহণ করবেন। | | ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ | |
| বাধ্যতামূলক ছুটি | (i) সরকারী কর্মচারী শৃঙ্গলা ও আপীল বিধিমালা, ১৯৮৫এর ৫(১)এবং ১১ (১)বিধি অনুসারে কর্তৃপক্ষ কোন কর্মচারীকে ছুটিতে যাওয়ার নির্দেশ দিতে পারেন। এক্ষত্রে উক্ত কর্মচারীর ছুটি ভোগ বাধ্যতামূলক।<br>(ii) উক্তরূপ ছুটি প্রাপ্ত কোন কর্মচারী যদি কার্যক্রমের ফলশ্রুতিতে চাকরীচ্যুত চাকরি থেকে অপসারিত, নিম্নপদে পদাবনত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত না হন, উক্ত ছুটিকে পূর্ণ বেতনে কর্মরত বলে গন্য করা হবে। | যে কোন মেয়াদে | নিয়োগকারী কর্তৃপক্ষ | |
| সাধারন ও সরকারী ছুটি | এ ছুটি ৩ ধরনের -(ক) সাধারণ সরকারী ছুটি<br>(খ) নির্বাহী আদেশে সরকারী ছুটি (গ) ঐচ্ছিক ছুটি।<br>(ক) সাধারন সরকারী ছুটিঃ পঞ্জিকাব□সর শুরু হওয়ার পূর্বে সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে এ ছুটির ঘোষনা দেন।সরকারী ক্যালেন্ডারে লাল কালিতে ছুটির দিনগুলি চিহ্নিত করা হয়।<br>সাপ্তাহিক ছুটি এবং অন্যান্য জাতীয় ছুটির দিনসমূহ এ ছুটির অন্তভূক্ত।<br>(খ) নির্বাহী আদেশে সরকারী ছুটিঃ সাধারন সরকারী ছুটির সাথে বা আলাদাভাবে কিছু দিনকে সরকার নির্বাহী আদেশের মাধ্যমে ছুটি ঘোষনা করেন।<br>(গ) ঐচ্ছিক ছুটিঃ সরকার একজন সরকারী কর্মচারীকে নিজ ধর্মের বিভিন্ন পর্বে সর্বোচ্চ ৩দিন ছুটি ভোগ করার এখতিয়ার দেন।বছরের শুরুতে এ ছুটি ভোগের অনুমোদন নিতে হয়।পূর্বাপর ছুটির সঙ্গে এটা সংযোগ করা যায়। | সরকারের সিদ্ধান্ত অনুসারে | সরকার | |
| নৈমিত্তিক ছুটি | (i)ব্যক্তিগত অনিবার্য সমস্যা, সাময়িক অসুস্থতা ইত্যাদি ক্ষেত্রে নৈমিত্তিক ছুটি মুঞ্জুর করা যায় ।<br>(ii) একযোগে সমতল এলাকায় ১০ দিন এবং পার্বত্য এলাকায় ২০ দিন এ ছুটি গ্রহন করা যায়।<br>(iii)ছুটির সময় কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করা যায় না<br>(iv)উভয় দিকে সরকারী ছুটি থাকলে মধ্যবর্তীকালে নৈমিত্তিক ছুটি সংযুক্ত করা যাবে না।<br>(v) আবেদনমূলে ৩ দিন মেয়াদী নৈমিত্তিক ছুটি এক বা একাধিকবার সাপ্তাহিক বা অন্য সরকারী ছুটির পূর্বে বা পরে সংযোগের অনুমতি দেয়া যায়।(v) নৈমিত্তিক ছুটির ভিত্তিতে বিদেশে গমন করা যাবে না। | বছরে ২০ দিন | ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ | কর্মকালীন গন্য করা হয়। |
| অন্যান্য বিধানাবলী | ১। কর্মের বিনিময়ে ছুটি অর্জিত হয়। (FR-60 এবং BSR-145)<br>২। ছুটিকে অধিকার হিসাবে দাবী করা যায় না। (FR-67,BSR-151)<br>৩। সরকরের পূর্বানুমতি ব্যতিরেকে ছুটিকালীন সময়ে অন্য কোন চাকরী গ্রহন করা যাবে না<br>৪। M/C এর ভিত্তিতে ছুটির ক্ষেত্রে মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট ব্যতিত পুনরায় কর্মে যোগদান করতে পারবেন না[FR-71,BSR-157,OSR(FR)-222,223]<br>৫। ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ছুটির মেয়াদ শেষ হওয়ার ১৪ দিনের বেশি সময় আগে কর্মে যোগদান করা যাবে না[FR-72,BSR-158]<br>৬।পূর্ণ গড় বেতনের ছুটি শেষ না হওয়া পর্যন্ত অর্ধগড় বেতনে ছুটি নেয়া যাবেনা।৭। ছুটি পাওনা আছে মর্মে অডিট অফিসের রিপোর্ট না পাওয়া পর্যন্ত গেজেটেড কর্মচারীর কোন প্রকার ছুটি মঞ্জুর করা যাবে না। | | | |